# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং- ৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৮৩.২০২৩-২০৯৬ তারিখ: ২৫/১১/২০২৪ খ্রিঃ।

## বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বি এসসি ইঞ্জিনিয়ারিং (CE, EEE, ME, CSE, TE, IPE, ChE, FE ও MME) এবং B. Arch (আর্কিটেকচার বিভাগ) প্রোগ্রামে ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে একাডেমিক কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে সাময়িকভাবে (Provisionally) নির্বাচিত প্রার্থীদের সনদপত্র যাচাই, ডাক্তারী পরীক্ষা ও ভর্তির তারিখ নিম্নরূপ :-

| বিভাগ | তারিখ ও বার | সময় | কক্ষ নং |
|---|---|---|---|
| আর্কিটেকচার | ০৮-১২-২০২৪ (রবিবার) | সকাল ০৮:৩০ ঘটিকা | ৪০০৪ (SSNIAB) |
| সিভিল ইঞ্জিনিয়ারিং | ০৯-১২-২০২৪ (সোমবার) | সকাল ০৮:৩০ ঘটিকা | ৩১১ (OAB) |
| ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ১০-১২-২০২৪ (মঙ্গলবার) | সকাল ০৮:৩০ ঘটিকা | ৩১১ (OAB) |
| মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং | ১১-১২-২০২৪ (বুধবার) | সকাল ০৮:৩০ ঘটিকা | ৩১১ (OAB) |
| কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ১২-১২-২০২৪ (বৃহস্পতিবার) | সকাল ০৮:৩০ ঘটিকা | ৩১১ (OAB) |
| টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | ১৫-১২-২০২৪ (রবিবার) | সকাল ০৮:৩০ ঘটিকা | ৩১১ (OAB) |
| ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং | ১৭-১২-২০২৪ (মঙ্গলবার) | সকাল ০৮:৩০ ঘটিকা | ৩০০৫ (SSNIAB) |
| কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | ১৭-১২-২০২৪ (মঙ্গলবার) | সকাল ০৮:৩০ ঘটিকা | ৩১১ (OAB) |
| ফুড ইঞ্জিনিয়ারিং | ১৮-১২-২০২৪ (বুধবার) | সকাল ০৮:৩০ ঘটিকা | ৩১১ (OAB) |
| মেটেরিয়ালস এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং | ১৮-১২-২০২৪ (বুধবার) | সকাল ১১:৩০ ঘটিকা | ৩১১ (OAB) |

**সনদপত্রের সত্যতা ও ডাক্তারী পরীক্ষার ফলাফল সন্তোষজনক হওয়ার শর্তে সংশ্লিষ্ট প্রার্থীদিগকে নিম্নলিখিত কার্যাদি সম্পন্ন করিতে হইবে ঃ**

ক) শিক্ষার্থীদের বিভাগ অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ে নির্দিষ্ট কক্ষে উপস্থিত থাকিতে হইবে;

খ) উপস্থিত শিক্ষকবৃন্দের নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থীদের ডাক্তারী পরীক্ষার জন্য মেডিকেল সেন্টারে যাইতে হইবে। ইহা ছাড়াও নির্ধারিত ফি জমা প্রদানের রশিদ বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসনিক ভবনের ৬ষ্ঠ তলার কম্পট্রোলার অফিস হইতে সংগ্রহ করিতে হইবে;

গ) শিক্ষার্থীদেরকে প্রবেশপত্রের মূল কপি, ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (যা আবেদনের সময় অনলাইনে আপলোড করা হয়েছিল। উল্লেখ্য যে, অনলাইনে আপলোডকৃত অনুরূপ ছবি দ্বারাই প্রার্থীর সকল আইডি কার্ড প্রস্তুত করা হইবে) এবং শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র ও নম্বরপত্র এবং সকল কাজগপত্রের ০১ সেট সত্যায়িত ফটোকপি সংগে আনিতে হইবে;

ঘ) মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত শিক্ষার্থীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদানকৃত সার্টিফিকেটের ফাটোকপি জমা দিতে হইবে;

ঙ) উপজাতি কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের উপজাতি সংক্রান্ত নির্ধারিত মূল সনদপত্র জমা দিতে হইবে;

চ) নম্বরপত্র ও সনদপত্র যাচাই এবং ডাক্তারী পরীক্ষা শেষে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর গ্রহণ পূর্বক অগ্রণী ব্যাংক পিএলসি, ডুয়েট শাখায় নির্ধারিত ফি জমা প্রদান করিয়া পুনরায় উপরোল্লিখিত ছকে বর্ণিত কক্ষে উপস্থিত হইয়া ভর্তি কার্যক্রম সমাপ্ত করিতে হইবে।

উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের মধ্যে কোন প্রার্থী সন্তোষজনক কারণ ব্যতিরেকে ভর্তি হইতে না পারিলে প্রার্থীর নির্বাচন বাতিল হইয়া যাইতে পারে এবং এইরূপ ক্ষেত্রে শূন্য আসনগুলি অপেক্ষমান তালিকা হইতে পূরণ করা যাইতে পারে।

বিশ্ববিদ্যালয়ে ভর্তির নিমিত্তে নিম্নরূপ বিবরণ অনুযায়ী ৯৫২০/- (নয় হাজার পাঁচশত বিশ) টাকা অগ্রণী ব্যাংক পিএলসি, ডুয়েট শাখা, গাজীপুর এর হিসাব নং-৯২৪ (বিবিধ জামানত) এ জমা দিতে হইবে।

| ক্রমিক নং | খাত সমূহ | ফি'র পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১। | ভর্তি ফি | ৩,০০০.০০ | এককালীন |
| ০২। | পরিচয়পত্র ফি | ১৫০.০০ | এককালীন |
| ০৩। | রেজিস্ট্রেশন ফি | ১,৭০০.০০ | এককালীন |
| ০৪। | মেডিকেল ফি | ৩০০.০০ | এককালীন |
| ০৫। | ইন্টারনেট ফি | ৫০০.০০ | এককালীন |
| ০৬। | লাইব্রেরী ফি | ১৫০.০০ | এককালীন |
| ০৭। | নম্বরপত্র/সনদপত্র ভেরিফিকেশন ফি | ২২০.০০ | এককালীন |
| ০৮। | ট্রান্সপোর্ট ফি | ২০০০.০০ | এককালীন |
| | মোট = | ৮,০২০.০০ | |
| ০৯। | বিশ্ববিদ্যালয় জামানত (ফেরতযোগ্য) | ১,৫০০.০০ | এককালীন |
| | সর্বমোট = | ৯,৫২০.০০ | |
| | কথায় ঃ নয় হাজার পাঁচশত বিশ | | |

**যে সমস্ত নম্বরপত্র ও সনদপত্রাদির মূল কপি এবং এক সেট সত্যায়িত ফটোকপি সঙ্গে আনিতে হইবে ও জমা দিতে হইবে :-**

১। এস এস সি পরীক্ষার মূল সনদপত্র;

২। এস এস সি পরীক্ষার মূল নম্বরপত্র;

৩। ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র

৪। ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষার মূল নম্বরপত্র/গ্রেডশীট সমূহ।

৫। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের দেওয়া চারিত্রিক সনদপত্র।

৬। আবেদনকারীর নাম সম্বলিত সত্যায়িত ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি যা আবেদনের সময় অনলাইনে আপলোড করা হইয়াছিল। উল্লেখ্য যে, অনলাইনে আপলোডকৃত অনুরূপ ছবি দ্বারাই প্রার্থীর সকল আইডি কার্ড প্রস্তুত করা হইবে;

৭। চাকরিরত প্রার্থীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে ডেপুটেশন/ছুটির আদেশ/NOC;

৮। উপজাতীয় সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে); এবং

৯। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদানকৃত সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

স্বাক্ষরিত/-

সভাপতি

ভর্তি পরীক্ষা কমিটি ২০২৩-২০২৪

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

চলমান পাতা-০২

স্মারক নং- ৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৮৩.২০২৩-২০২৬ তারিখ:২৮/১১/২০২৪ খ্রিঃ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইল :-**

০১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। সকল ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোষ্ট/অফিস/শাখা প্রধান।
০৪। পরীক্ষা নিয়ন্ত্রক।
০৫। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
০৬। চেয়ারম্যান, আইসিটি সেল ম্যানেজমেন্ট কমিটি।
০৭। অফিস প্রধান, মেডিকেল সেন্টার।
০৮। কম্পট্রোলার (অতিরিক্ত দায়িত্ব), কম্পট্রোলার অফিস।
০৯। এডিশনাল কম্পট্রোলার (চলতি দায়িত্ব), অডিট সেল।
১০। ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক শাখা/কাউন্সিল শাখা।
১১। সিকিউরিটি অফিসার, নিরাপত্তা শাখা।
১২। সকল নোটিশ বোর্ড (বিশ্ববিদ্যালয় ও হলসমূহ)।
১৩। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

28 NOV 2024

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোনঃ ৪৯২৭৪০০৩ (অফিস)